

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা-০৩ শাখা
www.hsd.gov.bd

স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.১২২.০২৭.০৬৯.২৬- ২২৩

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩৩
০১ সেপ্টেম্বর ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু ডা. বিনায়ক ভট্টাচার্য্য (১০০৫২৯২), জুনিয়র কনসালটেন্ট (মেডিসিন), খাদিমপাড়া ৩১ শয্যা বিশিষ্ট হাসপাতাল, সিলেট এর বিরুদ্ধে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার অভিযোগ পাওয়া যায়;

যেহেতু স্বাস্থ্য সেবা বিভাগের ডা. মো: শিকির আহমেদ ওসমানী, যুগ্ম-সচিব (জনস্বাস্থ্য অধিশাখা), জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন সুপারভিশন ও হাসপাতাল কার্যক্রম সরেজমিন পরিদর্শনের জন্য গত ২৪-২৫ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. তারিখ সিলেট জেলায় 'এ' প্লাস ক্যাম্পেইন বাদ পড়া শিশুদের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো কার্যক্রম এবং পুষ্টি বিষয়ক অন্যান্য কার্যক্রম মনিটরিং এর উদ্দেশ্যে উক্ত হাসপাতাল পরিদর্শন করেন;

যেহেতু উক্ত অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণ এর দায়ে ১৫.০৪.২০২৬ খ্রি. তারিখের ৪২৯ নম্বর স্মারকে বিভাগীয় মামলা (নং-১০৯/২০২৬) বুজু করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু গত ০৪.০৮.২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়। সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত শুনানিতে তাঁর বক্তব্য সন্তোষজনক মর্মে প্রতীয়মান;

যেহেতু সংশ্লিষ্ট কর্মকর্তার জবাব ও কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায়, ডা. বিনায়ক ভট্টাচার্য্য (১০০৫২৯২) কোভিড এর সময় লোকাল অর্ডারে কোভিড ডেডিকেটেড হাসপাতালে কাজ করার জন্য ২৩.০৪.২০২০ তারিখে অবমুক্ত হন। তিনি লোকাল অর্ডারে গত ২৫.০৪.২০২০ থেকে ০৬.০৩.২০২৫ খ্রি. পর্যন্ত সিলেট শহীদ শামসুদ্দিন আহমেদ হাসপাতালে যুক্ত ছিলেন। ঘটনার দিন তিনি সিলেট শহীদ শামসুদ্দিন আহমেদ হাসপাতালে কর্মরত ছিলেন মর্মে অধ্যক্ষের কার্যালয় হতে প্রত্যয়ন পত্র দিয়েছেন। ফলে প্রমানিত হয় যে, গত ২৪-২৫ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. তারিখ তিনি খাদিমপাড়া ৩১ শয্যাবিশিষ্ট হাসপাতাল, সিলেটে কর্মরত ছিলেন না;

সেহেতু ডা. বিনায়ক ভট্টাচার্য্য (১০০৫২৯২)-কে আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো। চলমান এ বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
(মোঃ কামরুজ্জামান চৌধুরী) ০১/০৯/২০২৬
সচিব

স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.১২২.০২৭.০৬৯.২৬-২২৬/১ (২১)

তারিখ: ৩৭ ভাদ্র ১৪৩৩
০৩ সেপ্টেম্বর ২০২৬

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। যুগ্মসচিব (পারসোনেল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। যুগ্মসচিব (পার- ৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। তত্ত্বাবধায়ক, খাদিমপাড়া ৩১ শয্যাবিশিষ্ট হাসপাতাল, সিলেট সদর, সিলেট
- ৬। উপ-পরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ড্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
- ৭। সিভিল সার্জন, সিলেট
- ৮। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১১। ডা. বিনায়ক ভট্টাচার্য্য (১০০৫২৯২), জুনিয়র কনসালটেন্ট, খাদিমপাড়া ৩১ শয্যাবিশিষ্ট হাসপাতাল, সিলেট।


সাদিয়া আফরিন ০২/০৯/২৬
সিনিয়র সহকারী সচিব

আদেশপত্র

(১৯১৭ সালের রেকর্ড ম্যানুয়ালের ১২৯ নং বিধি)

অভিযোগকারী : স্বাস্থ্য সেবা বিভাগের পার-২ শাখা
 অভিযুক্ত কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর : ডা. বিনায়ক ভট্টাচার্য্য (১০০৫২৯২),
 পদবি ও কর্মস্থল : জুনিয়র কনসালটেন্ট, খাদিমপাড়া ৩১ শয্যা বিশিষ্ট হাসপাতাল, সিলেট
 অভিযোগের ধারা : সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর
 বিধি ৩(খ) মোতাবেক

ক্রম	তারিখ	আদেশ ও কর্মকর্তার স্বাক্ষর	গৃহীত ব্যবস্থা
		ডা. বিনায়ক ভট্টাচার্য্য (১০০৫২৯২), জুনিয়র কনসালটেন্ট, খাদিমপাড়া ৩১ শয্যা বিশিষ্ট হাসপাতাল, সিলেট এর বিরুদ্ধে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার অভিযোগ পাওয়া যায়; স্বাস্থ্য সেবা বিভাগের ডা. মো: শিকির আহমেদ ওসমানী, যুগ্ম-সচিব (জনস্বাস্থ্য অধিশাখা), জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন সুপারভিশন ও হাসপাতাল কার্যক্রম সরেজমিন পরিদর্শনের জন্য গত ২৪-২৫ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. তারিখ সিলেট জেলায় 'এ' প্লাস ক্যাম্পেইন বাদ পড়া শিশুদের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো কার্যক্রম এবং পুষ্টি বিষয়ক অন্যান্য কার্যক্রম মনিটরিং এর উদ্দেশ্যে উক্ত হাসপাতাল পরিদর্শন করেন; উক্ত অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণ এর দায়ে ১৫.০৪.২০২৬ খ্রি. তারিখের ৪২৯ নম্বর স্মারকে বিভাগীয় মামলা (নং-১০৯/২০২৬) রুজু করা হয়; অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শনো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন; গত ০৪.০৮.২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়। সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত শুনানিতে তাঁর বক্তব্য সন্তোষজনক মর্মে প্রতীয়মান; সংশ্লিষ্ট কর্মকর্তার জবাব ও কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায়, ডা. বিনায়ক ভট্টাচার্য্য (১০০৫২৯২) কোভিড এর সময় লোকাল অর্ডারে কোভিড ডেডিকেটেড হাসপাতালে কাজ করার জন্য ২৩.০৪.২০২০ তারিখে অবমুক্ত হন। তিনি লোকাল অর্ডারে গত ২৫.০৪.২০২০ থেকে ০৬.০৩.২০২৫ খ্রি. পর্যন্ত সিলেট শহীদ শামসুদ্দিন আহমেদ হাসপাতালে যুক্ত ছিলেন। ঘটনার দিন সিলেট শহীদ শামসুদ্দিন আহমেদ হাসপাতালে কর্মরত ছিলেন মর্মে অধ্যক্ষের কার্যালয় হতে প্রত্যয়ন পত্র দিয়েছেন। ফলে প্রমানিত হয় যে, গত ২৪-২৫ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. তারিখ তিনি খাদিমপাড়া ৩১ শয্যাবিশিষ্ট হাসপাতাল, সিলেটে কর্মরত ছিলেন না; সেহেতু ডা. বিনায়ক ভট্টাচার্য্য (১০০৫২৯২)-কে আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো। চলমান এ বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। আদেশের অনুলিপি অভিযুক্ত কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হোক।	


 ০১/০২/২৫
 (মো: কামরুজ্জামান চৌধুরী)
 সচিব
 স্বাস্থ্য সেবা বিভাগ
 স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়